R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
আকর্ষক ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সরকার কর্তৃক নিয়ন্ত্রিত মূল্যে
সিমেণ্টের জন্য
যোগাযোগ করুন
পঃ বঃ সরকার অনুমোদিত ডিলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৬শ বর্ষ
৫ম সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২৯শে জ্যৈষ্ঠ বুধবার, ১৩৮৬ সাল।
১৩ই জুন, ১৯৭৯ সাল।

নগদ মূল্য : ২০ পয়সা
বার্ষিক ৯৲, সডাক ১০৲

## শনিচক্রের রাহুগ্রাসে রঘুনাথগঞ্জ ডাকঘর জরাগ্রস্ত

বিশেষ প্রতিনিধি : যে শনিচক্র রঘুনাথগঞ্জ প্রধান ডাকঘরের জন্মলগ্ন বিলম্বিত করেছিল, আজও কি সেই চক্র সক্রিয় আছে—এই প্রশ্ন আজ বিভিন্ন মহলকে দুশ্চিন্তায় ফেলেছে। ওয়াকিবহাল মহলের ধারণা, তা না হলে ছ'মাস পরেও এই 'শিশু' ডাকঘরটির রিকেট রোগ নিরাময়ের কোন লক্ষণ দেখা যাচ্ছে না কেন? ডাকঘরটি সাব পোষ্টাপিস থেকে প্রধান ডাকঘরে উন্নীত হবার পর, জনসাধারণ আশা করেছিলেন, এর ফলে তাঁরা আরো বেশী করে উপকৃত হবেন। কিন্তু যতদিন যাচ্ছে, দেখা যাচ্ছে, শনিচক্রের রাহুগ্রাসে শিশু ডাকঘরটি অকালে বার্ধক্যের জরাভারে আক্রান্ত হয়ে ধুঁকছে। টেলিগ্রাম ও সঞ্চয় প্রকল্পের উন্নতিকল্পে সরকারের ঢক্কানিনাদে কান পাতা দায়; অথচ সেই প্রকল্পেও কাজের যে মন্থর গতি এই ডাকঘরে লক্ষ্য করা যাচ্ছে, তাতে জনসাধারণের সহ্যমাত্রা অতিক্রম করে গেছে। খবর নিয়ে জানা গেছে, কাজের এই অবনতি কিন্তু কর্মচারীদের ফাঁকি দেওয়া থেকে উদ্ভূত নয়, বরং তাঁরা অমানুষিক পরিশ্রম করে ক্লান্ত; আসল কারণ প্রয়োজনীয় কর্মীর অভাব। ডাকঘরে গেলেই দেখা যায় দুই বা ততোধিক শাখায় একই কর্মীকে কাজ করতে হচ্ছে। ছুটি বা বদলির পর যে শূন্যস্থানের সৃষ্টি হয়, এখানে সেই স্থান পূরণ করতে অর্থাৎ নতুন কর্মীকে কাজে যোগদান করতে দেখা যায় না। অতিরিক্ত কাজের ভয়ে নাকি এমনটি হয়ে থাকে। অনেক লেখালেখি করেও নাকি কর্মী নিয়োগ করা হয় না। শনিচক্রের রাহুগ্রাসে নাকি এমনটি হয়েছে। টেলিগ্রাম ব্রাঞ্চের

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## বিজ্ঞাপন বণ্টন নীতির প্রতিবাদে সাংবাদিক সংঘ আন্দোলনে নামবে

বহরমপুর, ১০ জুন—সরকারী বিজ্ঞাপন বণ্টন নীতির প্রতিবাদে মুর্শিদাবাদ জেলা সাংবাদিক সংঘ প্রত্যক্ষ আন্দোলনে নামবে। আজ এখানে সংঘের জরুরী সাধারণ সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সভার আলোচনা থেকে জানা যায়, সরকারী বিজ্ঞাপন বণ্টন নীতির সঙ্গে মুর্শিদাবাদ জেলা বিজ্ঞাপন উপদেষ্টা কমিটির সিদ্ধান্তে বিস্তর বৈষম্য বর্তমান। সাংবাদিক সংঘ ইতিপূর্বে বহুবার বৈষম্যমূলক নীতির প্রতিবাদ করেছে। কিন্তু কোন ফল না হওয়ায় এবার প্রত্যক্ষ আন্দোলনে নামছে। আন্দোলন সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনার পর কয়েকটি সিদ্ধান্ত গৃহীত হয়। আন্দোলনের প্রথম পর্যায়ে সরকারী অনুষ্ঠান বর্জন করা হবে, চূড়ান্ত পর্যায়ে চলবে অবস্থান ও অনশন;

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## বিদ্যার্থীদের জন্য বেতার অনুষ্ঠানের ব্যবস্থা

বিদ্যালয়ে যে শিক্ষাদান করা হয় তার পরিপূরক হিসেবে আকাশবাণীতে বিদ্যার্থীদের জন্যে অনুষ্ঠান সূচী রচনার সব রকম চেষ্টা করা হচ্ছে। এই উদ্দেশ্যে পশ্চিমবঙ্গের সমস্ত উচ্চ ও মাধ্যমিক বিদ্যালয়গুলিকে লোকাল রেডিও সেট দেওয়া হচ্ছে এবং পশ্চিমবঙ্গের মাধ্যমিক শিক্ষা অধিকর্তার নিয়ন্ত্রণে প্রয়োজনীয় তহবিলের ব্যবস্থা করা হয়েছে। বিদ্যালয়গুলি যথাসম্ভব তাড়াতাড়ি সেটগুলি নেবেন আশা করা যায়। আকাশবাণী কলকাতার 'ক' কেন্দ্র থেকে দিনে দুবার—দুপুর ১২টা থেকে ১২-৩০ মিঃ এবং বিকেল ২-৩৫ মিঃ থেকে ৩টা পর্যন্ত বিদ্যার্থীদের জন্যে অনুষ্ঠান প্রচার করা হবে। বিদ্যালয়ের সময় সূচী এমনভাবে তৈরী করতে হবে যাতে ঐ দু দফা বেতার প্রচারানুষ্ঠান স্কুল পিরিয়ডের ৪০ মিনিটের মধ্যেই খাপ খাইয়ে নেয়া যায় এবং শিক্ষকরাও শিক্ষাদান অনুষ্ঠানের পূর্বে ও পরে আলোচনার সময় পান। ২ মে (১৯৭৯)

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## জোড়া খুন

সাগরদীঘি, ৮ জুন—গতকাল রাত্রে এই থানার জোনসি বাসষ্ট্যাণ্ডে একদল সশস্ত্র লোকের আক্রমণে দু'জন গ্রামবাসী নিহত ও ১১ জন আহত হয়েছেন বলে খবর পাওয়া গিয়েছে। আহতদের মধ্যে দু'জনের অবস্থা আশঙ্কাজনক পুলিশ সূত্রে জানা গেছে হাজিপুরের কাউসার সেখ হত্যা মামলার ১৭ জন আসামী ওই দিন সাগরদীঘি থানায় হাজিরা দিয়ে মোরগ্রাম থেকে লরি ধরে বাড়ী ফিরছিলেন পথে জাতীয় সড়কের জোনসির মোড়ে একদল সশস্ত্র লোক লরি থামিয়ে তাঁদের আক্রমণ করে। ধারালো অস্ত্রের আঘাতে হাজিপুরের মোদেশ্বর হোসেন ও তাঁর অগ্রজ সেরাজুদ্দিন হোসেন ঘটনাস্থলেই নিহত হন। আহতদের মধ্যে ৯ জনকে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ও ২ জনকে বহরমপুর হাসপাতালে স্থানান্তরিত করা হয়। পুলিশ ৮ জনকে গ্রেপ্তার করে। গ্রাম্য দলাদলি এই হত্যাকাণ্ডের কারণ বলে পুলিশের অনুমান। বেসরকারী সূত্রের খবর অনুযায়ী আক্রান্ত ও আক্রমণকারীরা

( ২য়পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ভাঙন রোধের দাবি

সাগরদীঘি, ১৩ জুন—ভাগীরথী নদীর ভাঙনের ফলে এই ব্লকের কাবিলপুর গ্রাম পঞ্চায়েতের বহু কৃষিজমি এবং আম, কাঁঠাল ও বাঁশ বাগান নদীগর্ভে বিলীন হয়ে গিয়েছে। আটাত্তরের সর্বনাশা বন্যার পর ভাঙন পরিস্থিতি এমন ভয়াবহ রূপ ধারণ করেছে যে, পঞ্চায়েতের আড়াই হাজার বাড়ী নিশ্চিহ্ন হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। এ খবর দিয়ে গ্রামবাসীদের পক্ষ থেকে জানানো হয়েছে, অবিলম্বে ভাঙন প্রতিরোধের ব্যবস্থা না করলে কাবিলপুর গ্রাম পঞ্চায়েতের ১৯ হাজার মানুষের সর্বহারা হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে।

## জল সরবরাহের দাবি

ধুলিয়ান, ১৩ জুন—ধুলিয়ান পুর এলাকার ৬৮টি টিউবওয়েলের মধ্যে ৪০টি কয়েক মাস থেকে অকেজো হয়ে পড়ে আছে। প্রচণ্ড খরাতেও টিউবওয়েলগুলি মেরামত করা হয়নি। এ ছাড়াও শহরের জলের টাওয়ারের দুটি ইউনিট দীর্ঘদিন ধরে বিকল হয়ে থাকায় জল সরবরাহ ব্যবস্থা ব্যাহত হচ্ছে। এখন একটি মাত্র ইউনিটের উপর শহরের জল সরবরাহ ব্যবস্থা নির্ভর করছে। নাগরিকরা পুরসভার কাছে অবিলম্বে টিউবওয়েল মেরামত ও নতুন টিউবওয়েল স্থাপন এবং টাওয়ার ইউনিট দুটি চালু করার দাবি জানাচ্ছেন।

## প্রমোদ কর ফাঁকি

ধুলিয়ান, ১৩ জুন—প্রমোদ কর ফাঁকির অভিযোগে সামসেরগঞ্জের বিডিও সম্প্রতি ওই ব্লকের মায়া, কৃষ্ণা ও তাজ টকীজের বিরুদ্ধে তদন্ত চালান এবং টিকিটের প্রচুর কুপন পরীক্ষা করে দেখেন। অভিযোগে প্রকাশ, উপরোক্ত সিনেমা হলগুলি থেকে বিক্রীত টিকিটে উপযুক্ত প্রমোদ করের টিকিট বসানো হয় না। ব্যবহৃত প্রমোদ করের টিকিট সিনেমা টিকিটের কুপনে ব্যবহার করা হয়। এ সম্পর্কে ব্যাপক তদন্তের দাবী উঠেছে।

## GOVERNMENT OF WEST BENGAL

# Tender Notice No. 6 of 1979-1980

Executive Engineer Ganga Anti Erosion Division, P. O. Raghunathganj, Dist. Murshidabad invites sealed tenders in W. B. F. No. 2911 (ii) from enlisted class I contractor of I. & W. D. and open as per rule for the works noted below.

**Name of Work :** 1. Strengthening the apron of the existing protective works damaged by the flood of '78 on the rt. bank of river Ganga at Aurangabad reach in P. S. Suti, Dist. Msd.

2. Repairs & restoration works to bank pitching & apron on the u/s & d/s of spur no. 8 damaged by the flood of '78 at Katakhali in Kutubpur reach on the rt. bank of river Padma in P. S. Raghunathganj, Dist. Msd.

3. Repairs & restoration to bank pitching & apron on the u/s of spur no. 1 damaged by the flood of '78 at Kutubpur reach on the rt. bank of river padma in P. S. Raghunathganj, Dist. Msd.

4. Supply of sausage of G. I. wire netting of 8-gauge of 150 × 150 mm. sq. mesh of size 1·80 m. long × 0·75 m width × 0·75 m height in connec. with repairs & restoration of works damaged by the flood of '78 on the rt. bank of river Gange/Padma below F. B. & up to Lalgola.

5. Repairs & restoration of the bank protective works on the rt. bank of river Ganga near Bagmari (along the rt. bank of river Bagmari at its off-take point) at Dhulian reach in P. S. Samserganj, Dist. Msd.

6. Strengthening of apron adjacent to Kanchantala J. D. J. Institution damaged by the flood of '78 on the rt. bank of river Ganga at Dhulian reach in P. S. Samserganj. Dist. Msd.

**Estimated Cost :** 1. 1,58,010/-, 2. 1,43,942/-, 3. 1,07,794/-, 4. 1,49,400/-, 5. 64,243/- 6. 49,912/-

**Earnest Money :** 1. 3160/-, 2. 2879/-, 3. 2156/-, 4. 2988/-, 5. 1285/-, 6. 998/-

**Cost of Form :** Rs. 10/- (all sls.)

Last day of application for tender form is up to 3-00 P. M. on 18. 6. 79. Tender will be received up to 3-00 P. M. on 20. 6. 79 and opened in publicly soon thereafter. Other details will be available from the office of the undersigned. No payment will be possible within four months from the date of commencement of works. It may further be delayed depending upon the availability of funds. Earnest money of the Ist three lowest tenderers can not be refunded before acceptance of the tenders and execution of duplicate tender by the concerned contractor.

Wroks will be taken up us and when necessary. It may not at all be taken up if the situations as regards sites and fund does not permit to take up the works.

Sd/- **S. K. Dey**
Executive Engineer,
Ganga Anti Erosion Division.

## বিয়ে বাড়ীতে হামলা

রঘুনাথগঞ্জ, ৮ জুন—গতকাল রাত্রে একদল দুষ্কৃতকারী শহরের জনৈক নাগরিকের বাড়ীতে হামলা চালালে বাড়ীর জানালা ও আসবাবপত্র ক্ষতিগ্রস্ত হয়। ঘটনার বিবরণ সম্পর্কে জানা যায়, ওই দিন সংশ্লিষ্ট নাগরিকের বাড়ীতে বিয়ে ছিল। ডায়মণ্ড ক্লাবের সদস্যরা বিয়ে বাড়ীতে গিয়ে বরযাত্রীদের কাছে ২৫০ টাকা চাঁদা দাবি করলে বরযাত্রীরা ২৫ টাকা দিতে রাজী হন। ক্লাবের ছেলেরা পঁচিশ টাকা নিতে অস্বীকার করে, বরযাত্রীদের সঙ্গে মারপিট বাধায় এবং ইটপাটকেল ছুঁড়তে শুরু করে। ফলে বিয়ে বাড়ীর আসবাবপত্র এবং জানালার ক্ষতি হয়। খবরে আরো জানা যায়, এই ক্লাবের ছেলেরা প্রায় বিয়েতেই নাকি বরযাত্রীদের কাছ থেকে মোটা অঙ্কের চাঁদা আদায় করে থাকে। খবরটি পুলিশ সূত্রের।

## সড়ক দুর্ঘটনায় মৃত্যু

নিজস্ব সংবাদদাতা: ১০ জুন জাতীয় সড়কের বল্লালপুরে লরি উল্টে একজন ও ৪ জুন মহেশাইলে দুটি লরির সংঘর্ষে একজন নিহত হয়েছেন।

প্রকাশিত হইল
স্থানীয় কথাশিল্পী
কাজী আমিনুল ইসলাম
রচিত উপন্যাস
জীবনের রং ধূসর
এক ধারে কৃষক ও বিড়ি শ্রমিকের উপর শোষণ—অপরদিকে তাদের জীবন সংঘাতের ছবি—এতদঞ্চলের এক বাস্তব চিত্র।
: প্রাপ্তিস্থান :
ছাত্রবন্ধু পুস্তকালয়, রঘুনাথগঞ্জ
মুরশিদাবাদ বার্তা কার্য্যালয়,
বহরমপুর

ক্যালকাটা সাইকেল ষ্টোর
( জগন্নাথের সাইকেলের দোকান )
রঘুনাথগঞ্জ ফুলতলা ( মুর্শিদাবাদ )
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস বিক্রয় ও মেরামতির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

সকলের প্রিয় এবং
বাজারের সেরা
ভারত বেকারীর
স্লাইজ ব্রেড
মিয়াপুর * ঘোড়শালা
মুর্শিদাবাদ

## খাদ্যে বিষক্রিয়ায় মৃত্যু

নিজস্ব সংবাদদাতা :—রঘুনাথগঞ্জ থানার রাজপুত-বহড়া গ্রামের আটজন গ্রামবাসী সম্প্রতি খাদ্যে বিষক্রিয়ার ফলে অসুস্থ হয়ে পড়েন। তাঁদের মধ্যে চারজনকে গুরুতর অসুস্থ অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়। তোরাব সেখ নামে ৯ বছর বয়সের এক বালক হাসপাতালে ভর্তির পর মারা যায়।

## ফুটবল প্রশিক্ষণ শিবির

১২ জুন রঘুনাথগঞ্জ অগ্নিফৌজ এ্যাথলেটিক ক্লাবের সহযোগিতায়, জঙ্গিপুর মহকুমা ক্রীড়া সংস্থা ও নেহরু যুব কেন্দ্রের উদ্যোগে, স্থানীয় এস ডি ও কোরট ময়দানে এক মাসের একটি ফুটবল প্রশিক্ষণ শিবির শুরু হয়। শহর এবং শহরের বাইরের ৭০ জন শিক্ষার্থী শিবিরে যোগদান করেন। প্রশিক্ষকের দায়িত্ব গ্রহণ করেন এন আই এস কোচ বৈদ্যনাথ ভট্টাচার্য। কোরট ময়দানের আয়তন ফুটবল খেলা বা প্রশিক্ষণ গ্রহণের পক্ষে উপযুক্ত নয়। তাই আজ প্রতিটি শিক্ষার্থী এবং ক্রীড়ামোদী জনসাধারণ শহরে মাঠের অভাব বিশেষভাবে উপলব্ধি করছেন। এখানে উল্লেখ করা প্রয়োজন, মহকুমার শ্রেষ্ঠ মাঠ একটি শিক্ষা প্রতিষ্ঠানের স্থূল বাণিজ্যিক বুদ্ধির ফলে আজ খেলার অনুপযুক্ত।

## কয়েকটি অগ্নিকাণ্ড

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘির এক খবরে প্রকাশ, ৫ জুন মনিগ্রামে ও তার কয়েকদিন আগে রামনগর গ্রামে দুটি অগ্নিকাণ্ডের ঘটনায় দুটি বাড়ী ভস্মীভূত হয়েছে। ক্ষতির পরিমাণ বেশ কয়েক হাজার টাকা।

সম্প্রতি রঘুনাথগঞ্জের উমরপুরে একটি আইসক্রীম মিলে আগুন লাগে। বহরমপুর থেকে দমকল আসার আগেই মিল ঘরটি পুড়ে ছাই হয়ে যায়।

## ষ্ট্যাম্প ভেণ্ডারদের দাবি

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জে অমলকুমার পণ্ডিতের সভাপতিত্বে অনুষ্ঠিত মুর্শিদাবাদ জেলা ষ্ট্যাম্প ভেণ্ডার সমিতি মান্ধাতা আমলে নির্ধারিত কমিশন বৃদ্ধি করে ষ্টেট লটারীর এজেন্টদের মত শতকরা পঁচিশ টাকা হারে কমিশন দাবি করেন।

## বিজ্ঞপ্তি

রাঢ়ে সিমলা-চৌকি, বিপ্রকালী, সাধুয়া, ডাহিনা ও বাগড়াতে খে.দরামপুর, বিলে ও পদ্মার চরে কিছু জমি বিক্রয় আছে। ক্রয়েচ্ছু ব্যক্তিগণ, সম্পাদক 'জঙ্গিপুর সংবাদ'-এর নিকট সত্বর যোগাযোগ করুন।

## শিক্ষক আবশ্যক

ডেপুটেশন ভ্যাকান্সিতে দুইজন সহকারী শিক্ষক আবশ্যক। একজন বি-এ, ইংরেজী অনার্স ও একজন বি-এস সি ( বায়োঃ ) শিক্ষণ প্রাপ্ত বাঞ্ছনীয়। আগামী ২০শে জুন এডমিনিষ্ট্রেটর জাজিগ্রাম সর্বোদয় আশ্রম, পোঃ জাজিগ্রাম, জেলা বীরভূম সহিত যোগাযোগ করুন।


সবার প্রিয় চা—

চা ভাণ্ডার

রঘুনাথগঞ্জ সদরঘাট

ফোন—১৬

বহরমপুর—ফরাক্কা ও

বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া

সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের

জন্য নির্ভরযোগ্য বাস

নেশার বাস সারভিস

( ভারতের যে কোন স্থানে ভ্রমণের জন্য রিজারভ দেওয়া হয় )


## পাকা সড়ক উদ্বোধন

অরঙ্গাবাদ, ৮ জুন—গতকাল নিমতিতা থেকে বাজিতপুর পর্যন্ত নতুন তৈরী পাকা সড়কের আনুষ্ঠানিক উদ্বোধন করেন কারা ও পঞ্চায়েত মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়। এই উপলক্ষে অনুষ্ঠিত এক সভায় দেবুবাবু রাজ্যের সাম্প্রতিক খরা পরিস্থিতি মোকাবিলায় সর্বশ্রেণীর মানুষের সহযোগিতা আহ্বান করেন। প্রাক্তন এম এল এ শিস মহম্মদ তাঁদের পক্ষ থেকে খরাত্রাণ তহবিলে ১০১ টাকা মন্ত্রীর হাতে তুলে দেন।


জবাকুসুম

তেল মাখা কি ছেড়েই দিলি?

তা কেন, দিনের বেলা তেল মেখে ঘুরে বেড়াতে অনেক সময় অসুবিধা লাগে।

কিন্তু তেল না মেখে চুলের যত্ন নিবি কি করে?

আমি তো দিনের বেলা অসুবিধা হলে রাতে শুতে যাবার আগে ভাল করে জবাকুসুম মেখে চুল আঁচড়ে শুই।

জবাকুসুম মাখলে চুল তো ভাল থাকেই ঘুমও বেশী ভাল হয়।

সি. কে. সেন অ্যাণ্ড কোং প্রাইভেট লিঃ

জবাকুসুম হাউস,


কলিকাতা, নিউ দিল্লী




রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


Godrej

"The quality is never an accident,
But it is always the result of
an important efforts"



উক্তিটির সার্থক রূপকার গোদরেজ। গোদরেজের ষ্টীল আলমারী, অফিস আসবাব এবং রেফ্রিজেরেটর ও টাইপরাইটার এখন ষ্টীলজগতের এক এবং অনন্য। আপনার মনের মত সেরা জিনিসটি আপনি পছন্দ করে নিয়ে যান আমাদের শো-রুম থেকে।



★ এক এবং অনন্য পরিবেশক—

মেঃ ভকত ভাই প্রাঃ লিঃ

বোলপুর ★ বীরভূম

পিন : ৭৩১২০৪

ফোন নং ২৪১